

ইংরেজি কারিগরি শিক্ষা বোর্ডের

ভুলের দরুন

আমি মোঃ ইউনুস আলী পাবনা কারিগরি মহাবিদ্যালয় হইতে ১৯৭০ সনের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় (জানুয়ারী/৭১ এবং মে/৭২ মাসে অনুষ্ঠিত) পাওয়ার টেকনোলজীতে ২০তম স্থান অধিকারপূর্বক প্রথম বিভাগে উত্তীর্ণ হই। আমার ফলাফল আশানুরূপ না হওয়ার এবং নম্বর তালিকার প্রয়োজন না হওয়ার পূর্বে নম্বর তালিকা উঠাই নাই। কিন্তু ৬ বৎসর পর কৌতূহল দমনের নিমিত্তে নম্বর তালিকা উঠাইলে তাহাতে মারাত্মক ভুল পরিলক্ষিত হয়। আমার সর্বমোট নম্বরের সাথে ১০০ (একশত) নম্বর ভুলবশতঃ (সম্ভবতঃ) যোগ হয় নাই। অর্থাৎ মোট নম্বর ১০০১ এর স্থলে ৯০১ হইয়াছে। অথচ ৯৬০ নম্বরপ্রাপ্ত পরীক্ষার্থীকে ৬ষ্ঠ স্থান অধিকারী হিসাবে ঘোষণা করা হইয়াছে। সুতরাং স্পষ্টতঃ যদি আমার নম্বরের সর্বমোট যোগফল শূন্য হইত তবে মেধানুসারে আমার স্থান ১ হইতে ৬-এর মধ্যে অবস্থিত থাকিত। বিশ্বস্তসূত্রে জানিতে পারিলাম, প্রকৃতপক্ষে আমার স্থান ২য় হইত।

বোর্ডের এই ভুলকে স্বাভাবিক ভুল ধরিয়া নিয়া আমি ৮ (আট) মাস পূর্বে বোর্ডে আমার মেধানুসারে স্থান সংশোধনে নিমিত্তে পাবনা বহুমুখী কারিগরি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে দরখাস্ত করি। কতৃপক্ষ সংশোধন করার বাপারে আশ্বাস দেন। কিন্তু এই সুদীর্ঘ ৮ মাসের মধ্যে বোর্ড কতৃপক্ষের নিকট হইতে কোন সাড়া পাই নাই।

পরিশেষে কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক সাহেব সমীপে রেজালটের প্রয়োজনীয় সংশোধনসহ মেধানুসারে আমার প্রকৃত স্থান ঘোষণা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাইতেছি। প্রকাশ থাকে যে, আমার রোল নং পি-৩০৪ এবং ১৯৬৯-৭০ সনের সেসনের রেজিষ্ট্রেশন নম্বর ১৮০৩।

মোঃ ইউনুস আলী, উপ-সহকারী প্রকৌশলী, প্রশিক্ষণ পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, টেঙ্গী, ঢাকা।